

# মনিষ্কোয়ারে শুরু হচ্ছে বৈশাখী উৎসব

পরিবর্তনের খবর: আসন্ন ১লা বৈশাখ উপলক্ষে সেজে উঠেছে ই.এম বাইপাসের ধারে অবস্থিত মনিষ্কোয়ার শপিং মল। বাঙালীদের কাছে বছরের প্রথম দিনটির গুরুত্বকে মাথায় রেখেই মনিষ্কোয়ার তাদের এই বৈশাখী ধামাকা উৎসব গতবারের মত এবারও উদযাপনের ব্যবস্থা করেছে পুরো এপ্রিল মাস জুড়ে।

এই ধামাকার সব থেকে উল্লেখযোগ্য বিষয়টি হল এখানে কেনাকাটায় অন্যান্য জায়গা থেকে অনেক বেশী ছাড় দেওয়া হচ্ছে এই এপ্রিল থেকে প্রতিদিন। সবথেকে বেশী লোভনীয় অফারটি হয় খাওয়া দাওয়ায়। এখানে ফুডকোর্টে সবারকম খাবারেই বিপুল ছাড়। মাত্র ৩১ টাকা খরচ করে খেয়ে নিতে পারেন আপনার সম্পূর্ণ লাঞ্চ অথবা ডিনার। যেটা গত বছর ২১ টাকায় দেওয়া হয়েছিল। যেকোন ধরনের খাবার এই প্যাকেজের মধ্যে



মনিষ্কোয়ারে ফুড ফেস্টিভালে রাজস্থানী নাচ। -শিশু প্রধান

থাকছে। স্পেনসর, সিটিমার্ট, মেগাসপ রয়েছে এই মলটিতে। ওয়েস্টসাইড, বিগবাজার সমেত প্রচুর এগুলির প্রত্যেকটিতে বিপুল ছাড়

কেনাকাটার সুযোগ দেওয়া হচ্ছে এপ্রিল মাস জুড়ে। শুধু তাই নয় কেনাকাটার সাথে মনোরঞ্জনের তুমুল ব্যবস্থাও করেছেন মল কর্তৃপক্ষ। রাজস্থানী লোকনৃত্য এবং পাঞ্জাবী ভাঙা নৃত্যে সেজে উঠেছে বিশাল এই মলটি। শুধু তাই নয় এক একদিন এক এক রকমের অনুষ্ঠানের আয়োজনের ব্যবস্থা করা হয়েছে যার মধ্যে রয়েছে ফিউশন ব্যান্ড এবং বাঙালী রক সঙ্গীত ব্যান্ডের গান। মনি প্রপের সুনাম ইতিমধ্যেই ছড়িয়ে পড়েছে তাদের কলকাতাবাসীকে গ্ল্যাটল উপহার মাধ্যমে। ইতিমধ্যেই তারা এক হাজারের বেশি পরিবারকে কলকাতার বৃকে ৫০ টি জায়গায় বাসস্থান তৈরি করে দিয়েছেন। শুধুমাত্র বাসস্থান ছাড়াও যে শপিংমলের ব্রান্ডে মনিষ্কোয়ার অন্যান্য মল থেকে অনেক এগিয়ে তা এই বৈশাখী ধামাকার আয়োজনেই বোঝা যাচ্ছে।